যুগান্তর

২৭/৮/২০০৫

তারিখ ........ পৃষ্ঠা ৭ ....... কলাম ৬

# জাপানে বৃত্তি নিয়ে পড়াশোনা

জাপান সরকার প্রতিবছর International Student-দের জন্য অথবা যারা পড়াশোনা করতে অধিক আগ্রহী এবং মেধাসম্পন্ন ঠিক তাদের জন্যই উল্লেখযোগ্যসংখ্যক বৃত্তির ব্যবস্থা করে থাকে। ছাত্রদের ফলাফল অথবা জাপানী ভাষার দক্ষতার ওপর নির্ভর করে বৃত্তির পরিমাণ ও ধরন। বাংলাদেশে পড়াশোনা করেও বৃত্তি লাভ করা যায়, সেক্ষেত্রে জাপানের যে কোন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকের সুপারিশ লাগবে। প্রতিমাসে ১২০০ থেকে ১৪০০ ডলার বৃত্তি প্রদান করা হয়। যে কোন শিক্ষককে ম্যানেজ করতে পারলে যেমনি বৃত্তির ব্যবস্থা হয়ে যায় তেমনি ভিসার নিশ্চয়তাও অনেক বেড়ে যায়। ঠিক যে শিক্ষককে ম্যানেজ করা যায় তিনিই বৃত্তির ব্যবস্থা করে দেবেন এবং তাদের দেশে পড়াশোনার জন্য Embassy-তে Concern Letter পাঠিয়ে দেবেন।

শিক্ষকদের নাম, ঠিকানা, শিক্ষা প্রতিষ্ঠানের ঠিকানা যাবতীয় সবকিছু দূতাবাসে যোগাযোগ করলে অথবা ঢাকা বিশ্ববিদ্যালয়ের আধুনিক ভাষা ইনস্টিটিউট-এ অথবা ঢাকা কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরীতে পাওয়া যাবে।

আবার যারা International Student হিসাবে জাপানে পড়াশোনা করতে আগ্রহী তাদের জন্য ঐ দেশে একটি সংস্থা রয়েছে। যার নাম AIEJ (Association of International Education Japan)

বৃত্তি সংক্রান্ত যে কোন তথ্য, ভর্তি তথ্য এবং শিক্ষা সংক্রান্ত যে কোন তথ্যাবলী জানতে চেয়ে দরখাস্ত করলে তারা বিভিন্ন প্রশ্নোত্তর সংবলিত (Question arries) "STUDENT GUIDE TO JAPAN" বইটি পাঠিয়ে দেবে। যাবতীয় Application অবশ্যই ইংরেজী ভাষায় লিখতে হবে। আর যারা ঐ দেশের ভাষা ইতোমধ্যে রপ্ত করে ফেলেছে তারা জাপানী ভাষায় লিখলেও সমস্যা নেই। জাপানী ভাষায় পড়াশোনা করতে কোন রকমের স্কোরের প্রয়োজন নেই (TOEFL IELTS, SAT, GMT)

নিম্নে জাপান দূতাবাস, AIEJ এবং কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা প্রদত্ত হল। ইচ্ছা ও আগ্রহী হলে মেইল সার্ভিসে অথবা তারযোগে অথবা ইন্টারনেটে ব্রাউজ করতে পারে।

○ Embassy of Japan
PLOT NO 5 and 7
Dutabash Road, Diplomatic Enclave
Baridhara, Dhaka-1212

○ Association of International
Education Japan (AIEJ)
4-5-29 Komaba
Meguroku, TOKYO-153, Japan

❑ শিক্ষা প্রতিষ্ঠানের ঠিকানাসমূহ

CHIBA UNIVERSITY
1-33 Yayoi-cho
Inage-ku Chibe-Shi-263 Japan
//www.hike.te.chiba-u.ac.jp
Fax-(+)0426-74-2214

HIROSHIMA UNIVERSITY
1-3-2, Kagamiyama, Higashi
Hiroshima-shi
Hiroshima-739
Japan
//www.hiroshima-u.ac.jp

❑ মোহাম্মদ ফখরুল ইসলা[ম]